

সাহায্য উপলভ্য
রয়েছে, 24/7

আপনি কি জানেন?

- **যে কেউ পাচার হতে পারেন**, এর মধ্যে যে কোনও বয়স, লিঙ্গগত পরিচয়, বা যৌন অভিমুখীতা সম্পন্ন মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক, বিদেশী নাগরিক এবং প্রাপ্তবয়স্ক বা শিশু অন্তর্ভুক্ত রয়েছে।
- **যে কেউ পাচারকারী হতে পারেন**, আপনি বিশ্বাস করেন এমন কোন ব্যক্তিও এর অন্তর্ভুক্ত হতে পারে।

গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার সম্পর্কে
www.nyc.gov/endgbv-এ গিয়ে আরও জানুন

সাহায্য পান

আপনি যদি মনে করেন যে আপনি অথবা আপনার পরিচিত কেউ এর মধ্যে কোনও একটি অভিজ্ঞতার সম্মুখীন হচ্ছেন, বা আপনি নিশ্চিত নন তবে, আপনি সাহায্য নিতে পারেন।

সাহায্য পেতে এবং সুরক্ষিত থাকতে গোপনীয়তার সাথে পরিষেবা এবং সমর্থনের জন্য, **ফোন করুন NYC-এর 24-ঘন্টা অপরাধ পীড়িতদের হটলাইন (1-866-689-HELP or 4357)-তে, অথবা জাতীয় মানব পাচার হটলাইন (1-888-373-7888 / TTY 711 অথবা বার্তা পাঠান 233733)-তে।**

আপনি যদি সরাসরিভাবে বিপদে পড়ে থাকেন অথবা কোনো অপরাধ রিপোর্ট করতে চান, তবে 911 নম্বরে ফোন করুন বা বার্তা পাঠান।

- সাহায্য পেতে এবং সুরক্ষিত থাকতে গোপনীয়তার সাথে পরিষেবা এবং সমর্থনের জন্য, **ফোন করুন NYC-এর 24-ঘন্টা অপরাধ পীড়িতদের হটলাইন (1-866-689- HELP or 4357)-তে, অথবা জাতীয় মানব পাচার হটলাইন (1-888-373-7888 / TTY 711 অথবা বার্তা পাঠান 233733)-তে।**
- গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা সম্পর্কিত তথ্য এবং সম্পদগুলির জন্য **NYC HOPE সম্পদ নির্দেশিকাটি www.nyc.gov/NYCHOPE-এ দেখুন।**
- **বিনামূল্যে এবং গোপনীয়তার সাথে সাহায্য পেতে যে কোনও NYC পারিবারিক বিচার কেন্দ্র (Family Justice Center, FJC)-এ কল করুন।** সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে বিকাল 5 টা অবধি খোলা, অভিবাসনের স্থিতি, আয় বা কথিত ভাষা নির্বিশেষে FJCs সকল বয়সের, যৌন অভিমুখীতার এবং লিঙ্গগত পরিচয়ের মানুষদের স্বাগত জানায়।

**** আপৎকালীন অবস্থায় 911 নম্বরে
কল করুন বা বার্তা পাঠান ****

Bronx FJC	(718) 508-1220
Brooklyn FJC	(718) 250-5113
Manhattan FJC	(212) 602-2800
Queens FJC	(718) 575-4545
Staten Island FJC	(718) 697-2800

মানব পাচার কী তা বোঝা

গুলির এবং
তথ্য পান

NYC

গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা
সমাপ্ত করতে (End Domestic and
Gender-Based Violence) NYC
মেয়রের কার্যালয়

মানব পাচার কী?

মানব পাচার হ'ল বাণিজ্যিক যৌনতা সহ শ্রম বা পরিষেবা সরবরাহ হেতু কাউকে জোর করা, ঠকানো বা বাধ্য করার জন্য ক্ষমতা ও প্রতিপত্তির ব্যবহার করা।

পাচারকারীরা সহিংসতা, মানসিক হেরফের এবং মনস্তাত্ত্বিক ভীতিপ্রদর্শনের মতো কৌশল ব্যবহার করে তাদের নিজস্ব সুবিধার জন্য সামাজিক ও অর্থনৈতিক বৈষম্যকে কাজে লাগায়।

পাচার একটি অপরাধমূলক কাজ।

NYS-এ সাধারণত যেসব স্থান বা শিল্প ক্ষেত্রে পাচারের খবর পাওয়া যায় সেগুলির মধ্যে রয়েছে:

- কৃষি
- কোনো আবাসন বা হোটেল/মোটেল ভিত্তিক বাণিজ্যিক যৌন কর্ম
- নির্মাণ
- গৃহস্থালীর কর্ম
- এসকর্ট পরিষেবা
- অবৈধ মালিশ/স্পায়ের ব্যবসা
- রেস্তোঁরা এবং খাদ্য পরিষেবা

www.nyc.gov/endgbv-এ গিয়ে মানব পাচার সহ লিঙ্গ-ভিত্তিক সহিংসতা সম্পর্কে আরও জানুন

সাহায্য উপলভ্য রয়েছে - দিনে 24 ঘন্টা, সপ্তাহে 7 দিন

আপনি বা আপনার পরিচিত কেউ কী...?

- কোনও নিয়োগকর্তা বা পাচারকারীর কাছে উল্লেখযোগ্যভাবে ঋণী হয়েছেন?
- নিজের কাজের জন্য বেতন পাচ্ছেন না?
- কাজের জায়গায় বাস করতে এবং কাজ করতে বাধ্য, আটক, শারীরিকভাবে দমিত, বা কাজের সময় নির্যাতিত হচ্ছেন?
- বিশ্বস্ত কোনো ব্যক্তির দ্বারা অর্থের জন্য বাণিজ্যিক যৌনতার কাজ করতে বাধ্য বা উৎসাহিত হচ্ছেন?
- কোনও নিয়োগকর্তা, পরিচালক, বা দালাল দ্বারা পর্যবেক্ষিত বা অনুসৃত হচ্ছেন?
- আপনার অর্থ, আর্থিক রেকর্ড, বা ব্যাংক অ্যাকাউন্টগুলি নিয়ন্ত্রণ করে এমন কারোর জন্য কাজ করছেন?
- আপনার পরিচয়ের নথি যেমন ID বা পাসপোর্ট নিয়ন্ত্রণ করে এমন কারও জন্য কাজ করছেন?

একজন বন্ধুকে কীভাবে সাহায্য করবেন

- তাদের বিশ্বাস করুন এবং তাদের জানান যে এটি তাদের দোষ নয়
- তাদের জানান যে তাদের সুস্থতার বিষয়ে আপনি যত্নশীল
- তাদেরকে জিজ্ঞাসা করুন তাদের কী প্রয়োজন এবং কোনটি সহায়ক হবে
- আপনি সহমত না হলেও, তাদের অভিমতগুলিকে শুনুন ও সম্মান করুন
- সম্পদ সম্পর্কে বিকল্প এবং তথ্য প্রদান করুন

সাহায্য পেতে এবং সুরক্ষিত থাকতে গোপনীয়তার সাথে পরিষেবা এবং সমর্থনের জন্য, **ফোন করুন NYC-এর 24 ঘন্টা অপরাধ পীড়িতদের হটলাইন (1-866-689-HELP or 4357)-তে, অথবা জাতীয় মানব পাচার হটলাইন (1-888-373-7888 / TTY 711 233733)** এবং নিরাপদ থাকুন।

আপনি যদি সরাসরিভাবে বিপদে পড়ে থাকেন অথবা কোনো অপরাধ রিপোর্ট করতে চান, তবে 911 নম্বরে ফোন করুন বা বার্তা পাঠান।

নিজের অভিমত
এবং সিদ্ধান্ত
গ্রহণের জন্য
আপনার একটি
অধিকার রয়েছে।